RAMKRISHNA FORGINGS LIMITED

Date: 30 March, 2026

To

| | |
|---|---|
| The Listing Department | The Listing Department |
| **BSE Limited** | **National Stock Exchange of India Limited** |
| PJ Towers, Dalal Street | "Exchange Plaza" C-1, Block G |
| Fort, 25th Floor | Bandra- Kurla Complex, Bandra (E) |
| Mumbai – 400 001 | Mumbai- 400051 |
| **BSE SCRIP CODE: 532527** | **NSE SYMBOL: RKFORGE** |

Dear Sir/Madam,

**Sub: Disclosure under Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligation and Disclosure Requirements) Regulations, 2015 – Newspaper Publication**

In continuation to our intimation dated 28 March, 2026, please find enclosed copies of newspaper publication dated 29 March, 2026 published in Financial Express (English, all editions) and Aajkal (Bengali) intimating about the completion of dispatch of postal ballot notice through electronic mode only and remote e-voting.

Request to kindly take the same on record.

Thanking You,

Yours truly,
**For Ramkrishna Forgings Limited**

RAJESH MUNDHRA
Digitally signed by RAJESH MUNDHRA
Date: 2026.03.30 17:53:21 +05'30'

RAMKRISHNA FORGINGS LTD. KOLKATA

Rajesh Mundhra
**Company Secretary**

**Encl.: Stated as above**

THE ECONOMIC TIMES INDIA'S GROWTH CHAMPIONS 2020 statista

REGISTERED & CORPORATE OFFICE
23 CIRCUS AVENUE, KOLKATA 700017, WEST BENGAL, INDIA
PHONE : (+91 33)4082 0900 / 7122 0900, FAX : (+91 33)4082 0998 / 7122 0998, EMAIL : info@ramkrishnaforgings.com, WEB : www.ramkrishnaforgings.com
CIN NO. :L74210WB1981PLC034281





পুরুলিয়ার জৈন মন্দিরে ভক্তদের সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ডানদিকে, কাশীপুরের সেবাব্রতী ফুটবল ময়দানে তৃণমূল নেত্রীর নির্বাচনী সভায় জনজোয়ার। শনিবার। ছবি: আজকাল

# বাংলাকে টার্গেট করেছে, উঠিয়েই দিতে চায়: মমতা

● ১ পাতার পর

নেত্রীর কথায়, ‘আরও সাতটা নতুন জেলা তৈরি করা হবে। কিন্তু এসব তখনই করা সম্ভব হবে, যখন বিজেপির চক্রান্তকে আপনারা আটকাতে পারবেন। আপনাদের প্রতিটি ভোট যেন তৃণমূলে জোড়া ফুলে পড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে।’ তিনি বলেন, ‘১০০ দিনের কাজে রাস্তা তৈরি করেছি প্রত্যন্ত এলাকায়। ১০৫টি প্রকল্পের মাধ্যমে রাজ্যের লক্ষ লক্ষ মানুষ উপকৃত হচ্ছেন। বিজেপি ভোটের আগে নানা কথা বলে, কিন্তু কাজের বেলায় কিছু করে না। বলেছিল, ১৫ লক্ষ টাকা করে দেবে। কী পেয়েছে মানুষ? পুরুলিয়ার রঘুনাথপুরে আগামী দিনে দেড় লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। ৭২ হাজার কোটি টাকা বিনিয়োগ হচ্ছে। আমরা যা বলি তা করি। মানুষকে বলেছিলাম, বাড়ি বাড়ি জল পৌঁছে দেব। সেই কাজ আমরা সম্পন্ন করেছি। গ্রামাঞ্চল থেকে শহর, প্রত্যেকটি ক্ষেত্রেই আমরা বাড়ি বানিয়ে দিয়েছি। কিন্তু বিজেপি যা বলে তা করে না। বলছে, আয়ুষ্মান ভারত করিনি আমি। কেন করব? তাতে ফোন, টিভি, স্কুটার যার থাকবে, সে পাবে না। আমরা সকলকে সুবিধে দিই। ওদের চালাকি। বিনা পয়সায় রেশন সকলে পান। স্বাস্থ্যসাথী, লক্ষ্মীর ভাণ্ডার পান। কন্যাশ্রী, মেধাশ্রী, শিক্ষাশ্রী পান। ব্যবসা করতে চাইলে ব্যবস্থা করে দিই। সবই আছে। তুমি করবে কী? কিছু তো দাও না। ১ লক্ষ ২০ হাজার কিমি গ্রামীণ রাস্তা তৈরি করেছি। বিনা পয়সায় খাবার দিই।’

মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে দুই গোষ্ঠীর সঙ্ঘর্ষে বিজেপি ও কমিশনকে নিশানা করেন মুখ্যমন্ত্রী। আমলা, অফিসারদের সরিয়ে হিংসা ছড়ানো হয়েছে বলে সরব হন। বলেন, ‘অফিসারদের সরিয়ে দাঙ্গা করিয়েছে।’ আক্রমণের সুর চড়িয়ে তাঁর হুঁশিয়ারি, ‘কাউকে ছাড়া হবে না।’ মমতার আরও অভিযোগ, অস্ত্র নিয়ে রামনবমীর মিছিল করা হয়েছে। কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। দুই গোষ্ঠীর সঙ্ঘর্ষ ও কমিশনের নিয়ন্ত্রণাধীন প্রশাসনের গা–ছাড়া মনোভাবের জন্য ক্ষমা চেয়েছেন তিনি।

## কেওয়াইসির নামে রেশন বন্ধের চেষ্টা কেন্দ্রের: তৃণমূল

**আজকালের প্রতিবেদন**

কেওয়াইসি–র নাম করে দেশের লক্ষ লক্ষ গরিব মানুষকে ভাতে মারতে চাইছে কেন্দ্রীয় সরকার। লক্ষ্য, গরিবের জন্য নির্ধারিত ভর্তুকির চাল, গম বন্ধ করা বা কমিয়ে আনা। সমাজমাধ্যমে এমনই অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস। তাদের সরাসরি অভিযোগ, ‘বাংলার গরিব মানুষকে ভাতে মারতে উঠে পড়ে লেগেছে কেন্দ্রের মোদি সরকার।’

উল্লেখ্য, বাংলা–সহ দেশের সমস্ত রেশন গ্রাহককে ই–কেওয়াইসি যাচাইয়ের নোটিস জারি করেছে কেন্দ্রীয় সরকার। ই–কেওয়াইসিতে রেশন গ্রাহকদের পছন্দমতো তথ্য না পেলে এপ্রিল মাস থেকেই রেশন বন্ধ হয়ে যাবে বলে প্রচার করা হচ্ছে। এ নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে তীব্র ক্ষোভ জানিয়েছে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস। সমাজমাধ্যমে তৃণমূলের তরফে জানানো হয়েছে, ‘বাংলার গরিব মানুষকে পেটে মারতে উঠে পড়ে লেগেছে কেন্দ্রের মোদি সরকার। ই–কেওয়াইসি যাচাইয়ের অজুহাতে এপ্রিল মাস থেকেই গরিব মানুষের ভর্তুকির চাল, গম বন্ধ করার হুঁশিয়ারি দিয়েছে কেন্দ্র। পছন্দমতো তথ্য না মিললেই কার্ড বাতিল! এমন হলে তো গোটা দেশে অজস্র মানুষ এই কোপের মুখে পড়বেন।’ দলের তরফে দাবি করা হয়েছে, এ রাজ্যে মমতা ব্যানার্জির নেতৃত্বে রাজ্য সরকার নিজের ভাঁড়ার থেকে সাধারণ মানুষের অন্নের সংস্থান করছে। আর, কেন্দ্রের বিজেপি সরকার গরিবের প্রাপ্য ভর্তুকি কমানোর লক্ষ্যে মানুষের থালা থেকে খাবার কেড়ে নিতে চাইছে। নির্বাচনের মুখে বিজেপির এই স্বৈরাচারী রূপ প্রকাশ্যে চলে এসেছে। যে বাংলা–বিদ্বেষীরা বাংলার লক্ষ লক্ষ মানুষের মুখের গ্রাস কেড়ে নিতে চায়, তাদের উৎখাত করতে হবে বলে সমাজমাধ্যমে আবেদন জানিয়েছে তৃণমূল।

## সাপ্লিমেন্টারি তালিকায় বাদ, মালদায় বিক্ষোভ

**পঙ্কজ সরকার**

মালদা, ২৮ মার্চ

দ্বিতীয় সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর থেকেই চরম ক্ষোভ ও অস্থিরতা ছড়িয়ে পড়েছে মোথাবাড়ি বিধানসভা কেন্দ্র জুড়ে। তালিকার চিত্র বলছে, কোনও বুথে ৬০ শতাংশ, তো কোথাও ৫০ শতাংশ ভোটারের নাম বাদ পড়েছে। শুক্রবার গভীর রাতে তালিকাটি প্রকাশ্যে আসার পর থেকেই কার্যত ঘুম উড়েছে হাজার হাজার মানুষের। শনিবার সকাল হতেই এলাকার বিভিন্ন প্রান্তে বিক্ষোভ শুরু হয়। উত্তর লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েতের খানপুর মোড়ে সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত প্রতিবাদে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সংশ্লিষ্ট বুথটিতে ৬৬৬ জন ‘বিচারাধীন’ ভোটারের মধ্যে মাত্র ৩৭৯ জনের নাম তালিকায় উঠেছে, আর ২৮৭ জনের নাম সরাসরি বাতিলের খাতায় চলে গেছে। গোটা পঞ্চায়েত এলাকায় প্রায় ৯ হাজার ৬০০ জন ‘বিচারাধীন’ ভোটারের মধ্যে অর্ধেকেরই নাম বাদ পড়ায় সাধারণ মানুষের মধ্যে তীব্র আতঙ্ক তৈরি হয়েছে।

এই পরিস্থিতির নেপথ্যে এলাকার ভৌগোলিক অবস্থান ও আর্থ–সামাজিক অবস্থাকে বড় কারণ হিসেবে দেখছেন স্থানীয়রা। ভাঙনপ্রবণ মোথাবাড়ির অনেক বাসিন্দার ঘরবাড়ি ও প্রয়োজনীয় নথিপত্র গঙ্গার গর্ভে বিলীন হয়ে গেছে। আবার জনসংখ্যার একটি বড় অংশ পরিযায়ী শ্রমিক হিসেবে ভিন্ রাজ্যে কর্মরত। ফলে নথিপত্র সংক্রান্ত জটিলতায় তাঁদের নাম বাদ পড়া নিয়ে এলাকায় চরম উত্তেজনা তৈরি হয়েছে।

## তৃতীয় তালিকাতেও

● ১ পাতার পর

নির্বাচন কমিশন বলছে, নাম বাদ গেলে ট্রাইবুনালে আবেদন করতে হবে। কিন্তু নাম বাদ গেছে, তা বোঝা যাবে কী করে? প্রসঙ্গত, রাজ্যের মোট ৬০ লক্ষ মানুষের নাম ‘বিচারাধীন’ রয়েছে। এর মধ্যে প্রথম দফার সাপ্লিমেন্টারি তালিকায় ১০ লক্ষের ক্ষেত্রে ই–সাইন হয়েছে বলে সিইও দপ্তর থেকে জানানো হয়েছিল।

সিইও জানান, গোটা বিষয়টি দেখছে হাইকোর্ট। ভোটের প্রস্তুতি নিয়ে এদিন সাংবাদিক বৈঠক করেন তিনি। ছিলেন বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত, বিশেষ পুলিশ পর্যবেক্ষক এন কে মিশ্র, ভোটের সবরকম ব্যবস্থাকারী নীলম মিনা। ওয়েব কাস্টিং থেকে শুরু করে গণনাকেন্দ্রের ব্যবস্থা, বুথের ভেতরের এবং বাইরের সিসি ক্যামেরা, কন্ট্রোল রুম, জিপিএস ব্যবস্থা নিয়ে ব্যাখ্যা দেন সিইও। ৪ লক্ষ ইভিএম থাকছে। সিইও দপ্তর সূত্রে জানা গেছে, বুথের মধ্যে মোবাইল থাকবে শুধুমাত্র প্রিসাইডিং অফিসারের কাছে। সেটির সঙ্গে কন্ট্রোল রুমের সংযোগ থাকবে। বিধানসভা নির্বাচনের জন্য ২৯৪ জন সাধারণ পর্যবেক্ষক, ৮৪ জন পুলিশ পর্যবেক্ষক, ১০০ জন আয়–ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক এবং ২ হাজার ৩৫২ জন মাইক্রো অবজার্ভার থাকছে।

সিইও দপ্তর জানিয়েছে, যাঁদের নাম সাপ্লিমেন্টারি ভোটার তালিকায় থাকবে না, তাঁরা ট্রাইবুনালে আবেদন করতে পারবেন। হাইকোর্ট ট্রাইবুনাল তৈরি করছে। রাজ্যের ২৩ জেলার জন্য ১৯টি ট্রাইবুনাল গঠন করা হয়েছে। ১৯ জন অবসরপ্রাপ্ত বিচারপতি ট্রাইবুনালে থাকছেন। আবেদন করা যাবে অনলাইন বা সরাসরি।

## মঞ্চে উঠতে গিয়ে পাইপে পা লাগল মুখ্যমন্ত্রীর

**আজকালের প্রতিবেদন**

পুরুলিয়া, ২৮ মার্চ

পুরুলিয়ায় দলীয় প্রচারে এসে মঞ্চে উঠতে গিয়ে পাইপে পা লেগে হোঁচট খেলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শনিবার পুরুলিয়ার কাশীপুর বিধানসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী সৌমেন বেলথরিয়ার সমর্থনে নির্বাচনী জনসভা করেন তিনি। মঞ্চে উঠতে গিয়ে একটি পাইপে তাঁর পা লেগে যায়। খানিকক্ষণ দাঁড়িয়ে যান তিনি। কিছু সময় পরে মঞ্চে ওঠেন। এ ব্যাপারে প্রার্থী সৌমেন বেলথরিয়া বলেন, ‘হেলিকপ্টার থেকে নেমে মুখ্যমন্ত্রী গাড়িতে সভাস্থলে আসেন। গাড়ি থেকে নেমে মঞ্চে উঠতে যাওয়ার সময় একটি পাইপে তার পা লেগে যায়। অবশ্য কিছুক্ষণ পরেই তিনি মঞ্চে উঠে পড়েন।’

## জৈন মন্দিরে মুখ্যমন্ত্রী

**দীপেন গুপ্ত**

পুরুলিয়া ২৮ মার্চ

নির্বাচনী জনসভা শেষ করে পুরুলিয়ার জৈন মন্দিরে পৌঁছোলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শনিবার, কাশীপুরে সভা শেষ করে পুরুলিয়া এসে তিনি জৈন মন্দিরে গিয়ে কথা বলেন মন্দিরের কর্মকর্তাদের সঙ্গে। মন্দির ঘুরে দেখার পাশাপাশি, তাঁদের কাছ থেকে বিভিন্ন বিষয় জানতে চান। জৈন মন্দিরের দায়িত্বে থাকা মনীশ কুমার জৈন বলেন, ‘এদিন কাশীপুরে জনসভা শেষ করেই মুখ্যমন্ত্রী আমাদের মন্দিরে এসে মন্দির ঘুরে দেখেন, কথা বলেন। আমাদের ধর্মের বিভিন্ন মানুষের সঙ্গে কথা বলেন। তিনি আমাদের আশ্বাস দিয়েছেন পাকবিররায় অবস্থিত আমাদের জৈন মন্দির সংস্কারের। মুখ্যমন্ত্রীকে কাছে পেয়ে আমরা আনন্দিত। পাশাপাশি, জৈন মন্দির সংস্কার নিয়ে মুখ্যমন্ত্রীর আশ্বাসে আমরা খুব খুশি।’ মুখ্যমন্ত্রীর সঙ্গে এদিন ছিলেন পুরুলিয়া বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী সুজয় বন্দ্যোপাধ্যায়–সহ শহরের তৃণমূল নেতৃত্ব।

## বকেয়া ডিএ

● ১ পাতার পর

চতুর্থ শ্রেণির কর্মীদের প্রাপ্য অর্থ চলে যাবে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে। বাকি সরকারি কর্মীদের বকেয়া প্রাপ্য তাঁদের জিপিএফ অ্যাকাউন্টে জমা পড়বে। সেই অর্থ তাঁরা দু’বছর তুলতে পারবেন না। কিন্তু যদি দু’বছরের আগে কোনও কর্মী অবসর নেন, চাকরি ছেড়ে দেন, অথবা মৃত্যু হয়, তা হলে সঙ্গে সঙ্গে টাকা তোলা যাবে। অবসরপ্রাপ্ত কর্মীদের প্রাপ্য অর্থ পেনশন অ্যাকাউন্টে সরাসরি চলে যাবে। পারিবারিক পেনশন প্রাপকরাও একই সুবিধে পাবেন।

## অমিত শাহের একই কথা

**আজকালের প্রতিবেদন**

চার্জশিট প্রকাশ করতে এসে ফের একই কথা বলে গেলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। শনিবার কলকাতায় এসে একটি পাঁচতারা হোটেলে তিনি ৩৫ পাতার চার্জশিট প্রকাশ করেন। সেখানে নতুনত্ব কিছুই নেই। ভাষণ দিতে গিয়ে যা বলে থাকেন। তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে প্রকাশ করা চার্জশিটেও তাই পাওয়া গেল। যদিও বিজেপি–শাসিত রাজ্যে বাঙালি হেনস্থা প্রসঙ্গটি এড়িয়ে গেলেন অমিত শাহ। বললেন, ‘বাংলাদেশ থেকে যাঁরা ঢোকেন, তাঁরাও বাংলা বলেন। এ রাজ্যের কাউকে চিন্তা করতে হবে না।’ পাশাপাশি এ রাজ্যে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বিজেপি সরকার গড়তে চলেছে বলে তিনি দাবি করেছেন। এদিন চার্জশিট প্রকাশ অনুষ্ঠানে তাঁর সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার এবং রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।



নির্বাচনী প্রচারে রাসবিহারী বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাশিস কুমার। গোবিন্দপুরে, শনিবার। ছবি: অভিজিৎ মণ্ডল


**केनरा बैंक Canara Bank** | সিন্ডিকেট Syndicate

**পরিশিষ্ট IV {রুল ৮(১) দ্রষ্টব্য}**
**দখল বিজ্ঞপ্তি**
**[১৩(৪) নং ধারা)]**
**স্থাবর সম্পত্তির জন্য**

**নরেন্দ্রপুর বিডিএমআই শাখা (১৯৭৫৪)**
**১৪৪, এন এস রোড, পোঃ নরেন্দ্রপুর, থানা নরেন্দ্রপুর, কলকাতা–৭০০১০৩**

যেহেতু:
**কানাড়া ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক** হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা মিঃ বাপি রায়**–এর প্রতি **২২.০১.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **২০.০১.২০২৬ তারিখের** ভিত্তিতে ₹১০,০৮,০২৫.০৭ (দশ লক্ষ আট হাজার পঁচিশ টাকা এবং সাত পয়সা মাত্র) তৎসহ উদ্ভূত সুদ এবং আনুষঙ্গিক খরচ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৭ মার্চ, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹১০,০৮,০২৫.০৭** (দশ লক্ষ আট হাজার পঁচিশ টাকা এবং সাত পয়সা মাত্র) + **২১.০১.২০২৬** থেকে সুদ ও অন্যান্য খরচ সমেত **কানাড়া ব্যাঙ্ক, নরেন্দ্রপুর বিডিএমআই শাখা**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
**স্থাবর সম্পত্তির বিবরণ:** ১ কাঠা, ১২ ছটাক জমির ফাঁকা জায়গা সহ দোতলা নির্মাণের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা ঘাসিয়ারা, পরগনা মেদান মোল্লা, জে এল নং ২৩, আর এস দাগ নং ৯৩৯, এল আর দাগ নং ৯৭৪, সি এস খতিয়ান নং ৩৬৩, আর এস খতিয়ান নং ৩১৫, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, রাজপুর সোনারপুর পুরসভার ওয়ার্ড নং ১১ (পূর্বের ১০)। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর: মিঃ বেরার বাড়ি; দক্ষিণ: কার্তিক মণ্ডলের জমি; পূর্ব: সুদর্শন বাবুর বাড়ি; পশ্চিম: ৮ ফুট চওড়া রাস্তা। **এডিএসআর সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনায় নথিভুক্ত ০৪.১১.২০১১ তারিখের, ২০১১ সালের দলিল নং I–১১৭৮৫।**
**সেরসাই সিকিউরিটি অ্যাসেট আইডি: ২০০০৭৩৭৪৫৩৪০**

**তারিখ: ২৭.০৩.২০২৬** **স্থান: নরেন্দ্রপুর**
**অনুমোদিত আধিকারিক, কানাড়া ব্যাঙ্ক**



**রামকৃষ্ণ ফোরজিংস লিমিটেড**
সি আই এন নং: এল৭৪২১০ডব্লিউবি১৯৮১পিএলসি০৩৪২৮১
রেজিস্টার্ড অফিস: ২৩, সার্কাস অ্যাভিনিউ, কলকাতা–৭০০০১৭
ফোন: ০৩৩–৭১২২০৯০০
ই–মেল আইডি: secretarial@ramkrishnaforgings.com;
ওয়েবসাইট: www.ramkrishnaforgings.com

**পোস্টাল ব্যালট এবং রিমোট ই–ভোটিংয়ের নোটিস**

এতদ্দ্বারা রামকৃষ্ণ ফোরজিংস লিমিটেড (**‘কোম্পানি’**)–এর সদস্যদের নোটিস দেওয়া হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩ (**‘আইন’**)–এর ধারা ১০৮ ও ১১০–এর সঙ্গে পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (সময়ে সংশোধিত)–এর নিয়ম ২০ ও ২২ এবং আইনের অন্যান্য প্রযোজ্য সংস্থান (যদি থাকে), সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সময়ে সংশোধিত)–এর রেগুলেশন ৪৪ এবং ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া (আই সি এস আই) কর্তৃক জারি করা জেনারেল মিটিং–এর সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস (এস এস–২) এবং কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রক (**‘এম সি এ সার্কুলারস’**) কর্তৃক জারি করা প্রাসঙ্গিক সাধারণ সার্কুলার অনুযায়ী, কোম্পানি ২৭ মার্চ, ২০২৬ তারিখের পোস্টাল ব্যালট নোটিসে উল্লিখিত বিশেষ প্রস্তাবের জন্য শুধুমাত্র রিমোট ই–ভোটিং পদ্ধতির মাধ্যমে সদস্যদের অনুমোদন চাইছে।
প্রযোজ্য আইন অনুযায়ী, কোম্পানি ২৮ মার্চ, ২০২৬ তারিখে ইলেকট্রনিক মাধ্যমে পোস্টাল ব্যালট নোটিস ও ব্যাখ্যামূলক বিবৃতি পাঠানোর কাজ সম্পন্ন করেছে সেই সমস্ত সদস্যদের, যাঁদের নাম শুক্রবার, ২০ মার্চ, ২০২৬ অর্থাৎ কাট–অফ তারিখ অনুযায়ী সদস্য রেজিস্টার/ সুবিধাভোগী মালিকদের তালিকায় রয়েছে এবং যাঁদের ই–মেল ঠিকানা কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (‘আর টি এ’)/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টদের কাছে নথিভুক্ত রয়েছে। এম সি এ সার্কুলারস অনুযায়ী পোস্টাল ব্যালট নোটিস এবং পোস্টাল ব্যালট ফর্মের বাস্তবিক কপি পাঠানোর প্রয়োজনীয়তা স্থগিত করা হয়েছে।
পোস্টাল ব্যালট নোটিস কোম্পানির ওয়েবসাইট www.ramkrishnaforgings.com–এ, যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ বি এস ই লিমিটেড (‘বি এস ই’)–এর ওয়েবসাইট www.bseindia.com এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (‘এন এস ই’)–এর ওয়েবসাইট www.nseindia.com–এ এবং কেফিন টেকনোলজিস লিমিটেড (ই–ভোটিং এজেন্সি)–এর ওয়েবসাইট https://evoting.kfintech.com–এ উপলব্ধ রয়েছে।

সদস্যদের এতদ্দ্বারা জানানো হচ্ছে যে:
১. বোর্ড অফ ডিরেক্টরস ই–ভোটিং প্ল্যাটফর্ম প্রদানের জন্য কেফিন টেকনোলজিস লিমিটেড (‘কেফিনটেক’)–কে নিযুক্ত করেছে।
২. ই–ভোটিংয়ের সময়সীমা **রবিবার, ২৯ মার্চ, ২০২৬ সকাল ৯.০০টায় (ভা স) শুরু হবে এবং সোমবার, ২৭ এপ্রিল, ২০২৬ বিকেল ৫.০০টায় (ভা স) শেষ হবে**। ২৭ এপ্রিল, ২০২৬ বিকেল ৫.০০টায় কেফিনটেক কর্তৃক ই–ভোটিং স্তব্ধ করা হবে এবং উক্ত সময়ের পর আর ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।
৩. শুধুমাত্র সেই সমস্ত সদস্য, যাঁদের নাম শুক্রবার, ২০ মার্চ, ২০২৬ অর্থাৎ কাট–অফ তারিখে কোম্পানির সদস্য নথি বা ডিপোজিটরিস দ্বারা পরিচালিত মালিকদের রেজিস্টার–এ নথিভুক্ত রয়েছে, তাঁরাই পোস্টাল ব্যালট নোটিসে উল্লিখিত রেজোলিউশনে ভোট দেওয়ার অধিকারী। যে ব্যক্তি পোস্টাল ব্যালট নোটিস ইলেকট্রনিক মাধ্যমে পেয়েছেন কিন্তু কাট–অফ তারিখে সদস্য নন, তাঁর এই নোটিসটিকে শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে বিবেচনা করা উচিত। রিমোট ই–ভোটিংয়ের পদ্ধতি পোস্টাল ব্যালট নোটিসে দেওয়া রয়েছে।
৪. ভোটাধিকার শুক্রবার, ২০ মার্চ, ২০২৬ অর্থাৎ কাট–অফ তারিখে সদস্যের নামে নথিভুক্ত ইকুইটি শেয়ারের প্রদত্ত মূল্যের উপর নির্ধারণ করা হবে।
৫. যে সমস্ত সদস্য পোস্টাল ব্যালট নোটিস পাননি তাঁরা তা পাওয়ার জন্য einward ris@kfintech.com–এ লিখতে পারেন।
৬. যে সমস্ত সদস্য তাঁদের ই–মেল ঠিকানা নথিভুক্ত/আপডেট করেননি, তাঁদের ডিপোজিটরিস/ কোম্পানি/আর টি এ–র কাছে তা নথিভুক্ত/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। ই–মেল ঠিকানা নথিভুক্ত করার পদ্ধতি পোস্টাল ব্যালট নোটিসে দেওয়া রয়েছে।
৭. ইলেকট্রনিক মাধ্যমে ভোটিং সংক্রান্ত যে কোনও প্রশ্ন বা অভিযোগের জন্য, আপনি https://evoting.kfintech.com–এর ডাউনলোড সেকশনে শেয়ারহোল্ডারদের জন্য ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েসচেনস (এফ এ কিউ এস) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা কেফিনটেক–এর মিঃ এন শ্যাম কুমার–এর সঙ্গে +৯১ ৪০ ৬৭১৬ ২২২২ অথবা ১৮০০ ৩৪৫ ৪০০১ (টোল ফ্রি) নম্বরে যোগাযোগ করতে পারেন।
৮. বোর্ড অফ ডিরেক্টরস এম কে বি অ্যান্ড অ্যাসোসিয়েটস, কোম্পানি সেক্রেটারিজ, (এফ আর এন: পি২০১০ডব্লিউবি০৪২৭০০)–এর পার্টনার মিঃ রাজ কুমার বান্থিয়া (এ সি এস ১৭১৯০) (সি ও পি নং ১৮৪২৮)–কে একটি সুষ্ঠু ও স্বচ্ছ উপায়ে ই–ভোটিং প্রক্রিয়াটি পরীক্ষা করার জন্য পরীক্ষক হিসেবে নিযুক্ত করেছে।
পোস্টাল ব্যালটের ফলাফল বুধবার, ২৯ এপ্রিল, ২০২৬ তারিখে বা তার আগে ২৩, সার্কাস অ্যাভিনিউ, কলকাতা–৭০০০১৭–এ অবস্থিত কোম্পানির রেজিস্টার্ড অফিসে ঘোষণা করা হবে এবং পরীক্ষকের রিপোর্টের সঙ্গে কোম্পানির ওয়েবসাইট www.ramkrishnaforgings.com–এ এবং কেফিনটেক–এর ওয়েবসাইট https://evoting.kfintech.com–এ দেওয়া হবে এবং কোম্পানির রেজিস্টার্ড অফিসে কোম্পানির নোটিস বোর্ডেও প্রদর্শিত হবে এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ বি এস ই–র ওয়েবসাইট www.bseindia.com এবং এন এস ই–র ওয়েবসাইট www.nseindia.com–এ জানানো হবে।

স্থান: কলকাতা
তারিখ: ২৮ মার্চ,

রামকৃষ্ণ ফোরজিংস লিমিটেড–এর পক্ষে
স্বা/–
রাজেশ মুন্দ্রা
কোম্পানি সেক্রেটারি
এ সি এস ১২৯৯১

RAJESH MUNDHRA
Digitally signed by RAJESH MUNDHRA
Date: 2026.03.30 17:55:18 +05'30'



**केनरा बैंक Canara Bank** | সিন্ডিকেট Syndicate

**১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি**

**কাকদ্বীপ–II শাখা (১৯৭৫৬)**
**ধনঞ্জয় ভিলা, গ্রাম–নয়াপাড়া, পোঃ ও থানা–কাকদ্বীপ**
**দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭**

**রেফারেন্স নং: 6601/RO-III/DN/MBMA/2025-26** **তারিখ: ২৭.০৩.২০২৬**
প্রতি:
১. **মেসার্স মা বাসন্তী মৎস্য আড়ত (ঋণগ্রহীতা), প্রোপ্রাইটর: মাধব দাস,** নয়াপাড়া, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭
২. **মিঃ মাধব দাস (প্রোপ্রাইটর),** পিতা বাসুদেব দাস, গ্রাম–প্রতাপাদিত্য নগর, থার্ড ঘেড়ি, পোঃ ও থানা–কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭
৩. **মিঃ শান্তনু দাস (জামিনদার ও বন্ধকদাতা),** পিতা নিখিল দাস, গ্রাম–গণেশপুর, থার্ড ঘেড়ি দক্ষিণ, পোঃ ও থানা–কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭।
মহাশয়/মহাশয়া,
**বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে জারিকৃত বিজ্ঞপ্তি।**
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে ‘উক্ত অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত)–এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, কাকদ্বীপ–II শাখা (এখানে এর পরে ‘সুরক্ষিত ঋণদাতা’ হিসেবে উল্লিখিত)**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা আপনাদের প্রতি নিম্নবর্ণিতমতো এই বিজ্ঞপ্তি জারি করছেন:
**মেসার্স মা বাসন্তী মৎস্য আড়ত, প্রোপ্রাইটর: মাধব দাস (এখানে এর পরে ‘ঋণগ্রহীতা’ হিসেবে উল্লিখিত)** প্রেমিসেস নয়াপাড়া, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭, **মিঃ মাধব দাস (এখানে এর পরে প্রোপ্রাইটর হিসাবে উল্লিখিত)** নিবাস গ্রাম–প্রতাপাদিত্য নগর, থার্ড ঘেড়ি, পোঃ ও থানা কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পন–৭৪৩৩৪৭ **এবং মিঃ শান্তনু দাস (এখানে এর পরে জামিনদার ও বন্ধকদাতা হিসাবে উল্লিখিত),** গ্রাম–প্রতাপাদিত্যনগর, থার্ড ঘেড়ি, পোঃ ও থানা কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩৪৭ এখানে নীচের **তফসিল ‘এ’ এবং ‘সি’**–তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

**তফসিল ‘এ’ এবং ‘সি’**
**(ঋণগ্রহীতা দ্বারা গৃহীত ঋণের সুবিধা সম্পর্কিত বিশদ তথ্য)**

| ঋণের প্রকৃতি/সীমা (লোন অ্যাকাউন্ট নং) | ঋণের অর্থাঙ্ক (₹) | ২৪.০৩.২০২৬ তারিখ অনুযায়ী সুদ সমেত দায় | সুদের হার |
|---|---|---|---|
| এমএসএমই ওডি (৯৭৫৬১৪০০০০২২৯১) | ₹১৫,০০,০০০.০০ | ₹১৫,২৮,৩৪২.১৮ +২৫.০৩.২০২৬ থেকে প্রযোজ্য হারে সুদ এবং অন্যান্য চার্জ | বর্তমান হারে সুদ + ২% হারে পেনাল সুদ |

আপনাদের দ্বারা আমাদের অনুকূলে স্বাক্ষরিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনারা নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **২৩.০৩.২০২৬ তারিখে** এই ব্যাঙ্ক উক্ত ঋণটি **অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনাদের দায় বাবদ ২৪.০৩.২০২৬ তারিখের ভিত্তিতে **₹১৫,২৮,৩৪২.১৮** (পনেরো লক্ষ আঠাশ লক্ষ তিনশো বিয়াল্লিশ টাকা এবং আঠারো পয়সা মাত্র), তৎসহ নোটিসের তারিখ থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।
পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল ‘বি’**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য আপনাদের সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
শাখায় উপলব্ধ তথ্য অনুসারে আপনাদের সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

**তফসিল ‘বি’**
**–: সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ :–**
**স্থাবর (জমির বন্ধক) :** ৭.৫০ শতক ফাঁকা বাস্তু জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, গ্রাম–গণেশপুর, মৌজা–গণেশপুর, জে এল নং ১১, তৌজি নং ২৭১৪, সি এস খতিয়ান নং ৯৫১, আর এস খতিয়ান নং ৫৯৭/২৩২১, এল আর খতিয়ান নং ১৭৪০৬, সি এস দাগ নং ১১৮৭, আর এস দাগ নং ১৯৬৭, এল আর দাগ নং ২২৭৫ এবং ২২৯৮, পোঃ ও থানা–কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন–৭৪৩৩৪৭। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর: মহাদেব দাসের জমি; দক্ষিণ: হেমন্ত কুমার দাসের জমি; পূর্ব: সরকারি রাস্তা; পশ্চিম: খাল। এডিএসআর–কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনায় নথিভুক্ত ২১.০৯.১৯৭১ তারিখের দলিল নং ১০২৩০।
**স্বত্বধারকের নাম: মিঃ শান্তনু দাস।**
**সেরসাই সিকিউরিটি অ্যাসেট আইডি: ২০০০৩৭৫৯৬৪৮২**

**তারিখ: ২৭.০৩.২০২৬** **স্থান: কাকদ্বীপ**
**অনুমোদিত আধিকারিক, কানাড়া ব্যাঙ্ক**



**সাউথ ইস্ট সেন্ট্রাল রেলওয়ে**
**ই–টেন্ডার নোটিস**

**ক্রম নং: (১) ই–টেন্ডার নং: DRM-ENGG-BSP-T-18-26-27, তারিখ: ২৬.০৩.২০২৬**
**কাজ:** সিনিয়র ডিইএন/ সেটলমেন্ট/ বিলাসপুর–এর অধিক্ষেত্রাধীনে বিলাসপুরে শিবনাথ অফিসার্স রেস্ট হাউসের উন্নয়ন।
**টেন্ডার মূল্য:** ₹৩,৫৯,৮০,৩০২.৭০, **ইএমডি:** ₹৭,১৯,৬০০.০০, **সম্পাদনের মেয়াদ:** ১২ মাস, **টেন্ডার জমা দেওয়া শুরু:** ০৭.০৪.২০২৬ থেকে। **টেন্ডার জমার শেষ তারিখ:** ২১.০৪.২০২৬, সকাল ১১টা পর্যন্ত। উপরোক্ত ই–টেন্ডার নোটিসের বিশদ তথ্য https://www.ireps.gov.in ওয়েবসাইটে দেওয়া আছে। উপরোক্ত টেন্ডারের ক্ষেত্রে ই–বিড ব্যতীত অপর কোনও বিড গৃহীত হবে না।

**ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ইঞ্জিঃ)/ বিএসপি**
CPR/10/AM/789 **এসইসি রেলওয়ে, বিলাসপুর**
South East Central Railway @secrail



**SBI স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এইচ এল সি বিধাননগর, কোড নং: ১৫৩৪২**
**জোনাল অফিস বিল্ডিং (ফ্লোর নং ৪), ১/১৬, ভি আই পি রোড, কলকাতা– ৭০০০৫৪**
**যানবাহন নিলামের বিজ্ঞপ্তি**

অনুমোদিত আধিকারিকের বিবরণ: নাম: দেবস্মিতা চক্রবর্তী, ই–মেল আইডি: sbi.15342@sbi.co.in, মোবাইল: ৯৭৭৫৭০০২৩৩
অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ০৭.০৪.২০২৬**
নিলামের সময় সকাল ১১.০০টা থেকে বিকেল ৪.০০টা, প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ। পরিদর্শনের তারিখ: ০২.০৪.২০২৬, স্থান: গুহ পার্কিং, শক্তিগড়, পূর্ব বর্ধমান

এতদ্দ্বারা সর্বসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–কে নোটিস দেওয়া হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে হাইপোথিকেটেড/ বন্ধক রাখা/চার্জ করা নীচে বর্ণিত অস্থাবর সম্পত্তি, যার সশরীরে দখল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (সুরক্ষিত ঋণদাতা)–এর অনুমোদিত আধিকারিক গ্রহণ করেছেন, তা ০৭.০৪.২০২৬ তারিখে **‘যেখানে যেমন আছে’**, **‘যে অবস্থায় যেমন আছে’** এবং **‘যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

**ঋণগ্রহীতা এবং গাড়ির বিবরণ:**
**অমল কৃষ্ণ মণ্ডল, অ্যাকাউন্ট নং ৩৮২৬০৮১৭৭৫১।** বকেয়া অর্থাঙ্ক: ১০.০২.২০২৬ **অনুযায়ী ₹২,০৮,৬৪৬.০০** + সুদ। সংরক্ষন মূল্য হল **₹৮৬,০০০.০০**। আর্নেস্ট মানি ডিপোজিট **(ইএমডি)** হবে **₹৮,৬০০.০০** এবং ইনক্রিমেন্টাল ভ্যালু হবে **₹১০,০০০.০০**
**গাড়ির বিবরণ: মারুতি সুজুকি/ অল্টো 800 LXI BS IV পেট্রোল ভার্সন,** রেজিস্ট্রেশন নং **WB26BD9150,** রেজিস্ট্রেশন তারিখ: ০৭.০৫.২০১৯, চ্যাসিস নং: **MA3EUA61S00D47663**, ইঞ্জিন নং: **F8DN6103705**, নির্মাণের বছর: ২০১৯

ক) বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলির জন্য, অনুগ্রহ করে সুরক্ষিত ঋণদাতা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া–র ওয়েবসাইট www.sbi.co.in–এ দেওয়া লিঙ্কটি এবং নির্দিষ্ট ই–নিলামের জন্য তৈরি করা নির্দিষ্ট লিঙ্ক https://BAANKNET.com দেখুন।
খ) ইচ্ছুক বিডার/বিডারদের নিলামের তারিখের যথেষ্ট আগে নিজের ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে এনইএফটি/আরটিজিএস ট্রান্সফারের মাধ্যমে পি এস বি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড–এর কাছে পরিচালিত নিজের বিডার অ্যাকাউন্টে জেনারেট করা চালানের মাধ্যমে তাঁর ই এম ডি–র অর্থাঙ্ক ট্রান্সফার করতে হবে। যে কোনও প্রশ্নের জন্য অনুগ্রহ করে support.baanknet@psballiance.com–এ যোগাযোগ করুন।

তারিখ: ২৯.০৩.২০২৬ স্থান: বিধাননগর
অনুমোদিত আধিকারিক, এস বি আই, এইচ এল সি বিধাননগর